রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ২০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৯, ২০১৬

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩৭৫—৩৮৯ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৪২৯—৪৫৭ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৮৭—৬৫০ | (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৮ মাঘ ১৪২২/৩১ জানুয়ারি ২০১৬

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০১৮.২০১৩-৪৫**—যেহেতু, জনাব আসলাম ইকবাল (৩৮৬৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব, পি.আর.এল ভোগরত), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তার স্ত্রীর সঙ্গে সাক্ষাৎ ও মেডিক্যাল চেকআপসহ আনুষঙ্গিক চিকিৎসার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৪-২০১১ তারিখের ০৫.১৩০.০৩২.০০.০০.১৮৬.২০১০-১২৬ নং প্রজ্ঞাপনের মাধ্যমে ০৬-০৪-২০১১ তারিখ অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ০৩ (তিন) মাস বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) মঞ্জুরসহ কানাডা ভ্রমণের অনুমতি প্রদান করা হয়;

যেহেতু, তিনি ১৮-০৪-২০১১ তারিখ হতে উক্ত ছুটি ভোগ করে গত ১৭-০৭-২০১১ তারিখে ছুটি ভোগ শেষে বিধি মোতাবেক কর্মস্থলে যোগদান না করে ফলো-আপ চিকিৎসার কথা উল্লেখ করে গত ১৮-০৭-২০১১ তারিখ হতে ০১ (এক) বছরের চিকিৎসা ছুটি চেয়ে গত ০৮-০৬-২০১১ তারিখে আবেদন করেন। তার এ আবেদন যথাযথ না হওয়ায় ছুটি বর্ধিতকরণের সুযোগ নেই মর্মে তাকে জানিয়ে দেয়া হয় এবং অবিলম্বে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি কর্তৃপক্ষের উক্ত নির্দেশনা অমান্য করে কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে গত ১৮-০৭-২০১১ খ্রিঃ তারিখ থেকে ০২ (দুই) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তদ্‌প্রেক্ষিতে উল্লিখিত কার্যকলাপের জন্য তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)"

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৩-১২-২০১৩ খ্রিঃ তারিখের ০৫.১৮০.০২৭.০২. ০০.০১৮.২০১৩-৪৪৬ নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, তিনি গত ১২-০২-২০১৪ তারিখে বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করায় গত ২৫-০৫-২০১৪ ও ২৪-০৮-২০১৪ তারিখে ব্যক্তিগত শুনানীর দিন ধার্য করা হয়। কিন্তু দুটি তারিখেই তিনি ব্যক্তিগত শুনানীতে অনুপস্থিত থাকায় ন্যায় বিচারের স্বার্থে ঘটনার সত্যতা নিরূপণের জন্য জনাব এম.এ. কাদের সরকার (১০০২১), সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব আসলাম ইকবাল (৩৮৬৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব, পি.আর.এল ভোগরত), জনপশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ (Misconduct)" এবং একই বিধিমালার বিধি ৩(সি) মোতাবেক "ডিজারশন (Desertion)" এর অভিযোগ সকল সন্দেহের উর্ধ্বে প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেন; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয়াদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)" এর আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদান এবং তার ১৮-০৭-২০১১ থেকে ০৯-০৬-২০১৫ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত কালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্যকরণের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব আসলাম ইকবাল (৩৮৬৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব, পি.আর.এল ভোগরত), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "ডিজারশন (Desertion)"-এর আনীত অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৫) বিধি মোতাবেক তাকে অব্যাহতি প্রদান করা হলো। তার ১৮-০৭-২০১১ থেকে ০৯-০৬-২০১৫ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মে অনুপস্থিত কালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৩ ফাল্গুন ১৪২২/১৫ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০০৯.২০১৫-৯২**—যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম (৭৪৩৬), বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের "বিএফডিসির আধুনিকায়ন ও সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পে প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) হিসেবে কর্মকালে উক্ত প্রকল্পের আওতায় 'ডিজিটাল অডিও ডাবিং, মিক্সিং এন্ড রেকর্ডিং, ডিজিটাল অডিও অপটিক্যাল ট্রান্সফার মেশিন' ক্রয়ে ইউএসএ ও জাপানের স্থলে চুক্তি বহির্ভূতভাবে চীনের তৈরি মালামাল গ্রহণ করেন। উক্ত মালামাল সরবরাহকারীকে ৩,৩৮,০০০ (তিন লক্ষ আটত্রিশ হাজার) ইউরো বা ৩,৪৬,৫৮,৫২০ (তিন কোটি ছিচল্লিশ লক্ষ আটান্ন হাজার পাঁচশত বিশ) টাকা পরিশোধ করে সরকারের আর্থিক ক্ষতি সাধন করার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ১১-১০-২০১৫ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০০৯.২০১৫-৪২২ নং স্মারকে তাকে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, তিনি গত ২৫-১০-২০১৫ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং গত ২৯-১১-২০১৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম (৭৪৩৬)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা), বিদ্যুৎ বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ শফিকুল ইসলাম (৭৪৩৬)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ প্রমাণীত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম (৭৪৩৬)-কে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর দায়ে দোষী সাব্যস্ত করে তাকে ০২(দুই) বছরের জন্য "ক্রমপুঞ্জিভূতহারে বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিত করার"(Reduction to a lower Stage in the Time Scale Cumulatively) লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম (৭৪৩৬), প্রাক্তন প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের "বিএফডিসির আধুনিকায়ন ও সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প বর্তমানে প্রকল্প পরিচালক, মৌলিক শিক্ষা প্রকল্প, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" ও "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় পর্যালোচনায় একই বিধিমালার ৪(২)(ই) বিধি অনুযায়ী তাকে ০২(দুই) বছরের জন্য "ক্রমপুঞ্জিভূতহারে বেতন স্কেলের নিম্ন ধাপে অবনমিত করার"(Reduction to a lower Stage in the Time Scale Cumulatively) লঘুদণ্ড প্রদান করা হলো। অর্থাৎ তার বর্তমান প্রাপ্ত বেতন স্কেল ৫৬,৫০০-৭৪,৪০০ এর সর্বনিম্ন ধাপ ৫৬,৫০০ তে ০২(দুই) বছরের জন্য অবনমিত করার দণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি এর কোন বকেয়া সবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০১৭.২০১৫-৯৩**—যেহেতু, ড. নাসিম আহমেদ (পরিচিতি নং-৫৯০৫), বাণিজ্য মন্ত্রণালয় হতে ফেরতের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানকৃত (উপসচিব)-এর বিরুদ্ধে অস্ট্রেলিয়ার ক্যানবেরাস্থ বাংলাদেশ হাই কমিশনের কমার্শিয়াল কাউন্সিলর হিসেবে কর্মকালে তার স্ত্রীর সাথে ঝগড়া ও মার-পিটের মাধ্যমে বিদেশে বাংলাদেশের মর্যাদা ক্ষুণ্ন করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসাদাচরণ (Misconduct)"এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ০৭-১২-২০১৫ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০০১৭.২০১৫-৫৩২ নং স্মারকে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, তিনি গত ২৪-১২-২০১৫ তারিখে লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং গত ২৭-০১-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা ড. নাসিম আহমেদ তিনি ও তার স্ত্রীর মধ্যে ভুল বোঝাবুঝির কারণে উক্ত ঘটনা সংঘটিত হয় এবং তার কন্যা ভয় পেয়ে অস্ট্রেলিয়ান পুলিশকে ফোন করলে ঘটনাটি জটিল আকার ধারণ করে বলে স্বীকার করেন। তিনি বিষয়টি ক্ষমা সুন্দর দৃষ্টিতে সদয় বিবেচনাপূর্বক আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের প্রার্থনা করেন;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, অভিযুক্ত কর্মকর্তার স্বীকারোক্তি, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক তার স্ত্রীর সাথে অশোভন আচরণ করা, অস্ট্রেলিয়ান পুলিশ কর্তৃক তার বাসা ঘেরাও করা এবং জিজ্ঞাসাবাদের জন্য Waiver চাওয়ায় দেশের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তাছাড়া তাকে দেশে ফিরিয়ে আনায় সরকারের আর্থিক ক্ষতি সাধন হয়েছে। তার কৃত এ অপরাধ "অসদাচরণ (Misconduct)" এর পর্যায়ভুক্ত ও দণ্ডনীয়;

সেহেতু, ড. নাসিম আহমেদ (৫৯০৫), বাণিজ্য মন্ত্রণালয় হতে ফেরতের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানকৃত (উপসচিব) ও প্রাক্তন কমার্শিয়াল কাউন্সেলর, বাংলাদেশ হাইকমিশন, ক্যানবেরা, অস্ট্রেলিয়া-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসাদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় তাকে একই বিধিমালার ৭(২)(বি) বিধি অনুরসণক্রমে ৪(২)(এ) বিধি অনুযায়ী "তিরস্কার (Censure)" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২২/১৬ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৬.১৪.১০৯**—যেহেতু, জনাব এস. এম. রফিকুল ইসলাম (১৬০২০) উপজেলা নির্বাহী অফিসার (সিনিয়র সহকারী সচিব), সখিপুর, টাঙ্গাইল এর বিরুদ্ধে প্রাক্তন সহকারী কমশিনার (ভূমি), মিরপুর রাজস্ব সার্কেল, ঢাকা হিসেবে কর্মকালে মধ্যস্থতাকারী দালাল ও অধঃস্তনদের সাথে অবৈধ আর্থিক লেনদেনের সম্পর্ক বজায় রাখা, অধঃস্তনদের মধ্যস্থতাকারী হিসেবে ব্যবহার করে অবৈধ আর্থিক সুবিধা গ্রহণ, টাকার বিনিময়ে "না মঞ্জুর" করা নামজারি কেস "মঞ্জুর" করা, "অপরাধ দমন" পত্রিকার প্রতিবেদককে প্রাণনাশের হুমকি প্রদান, সাংকেতিক চিহ্ন ব্যবহার করে নামজারি করা এবং নামে-বেনামে জমি ও ফ্ল্যাট অর্জন ইত্যাদি অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, উক্ত আপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতি (Corruption)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ১৬-১১-২০১৪ তারিখ লিখিত জবাব প্রদান করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০১-০২-২০১৫ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানি অন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে বিষয়টি তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় জনাব সোলতান আহমদ (৪৫০৭), যুগ্মসচিব (তদন্ত-২), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ০৭-০২-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতি (Corruption)" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে চূড়ান্ত মতামত প্রদান করেন ;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(ডি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতি (Corruption)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব এস. এম. রফিকুল ইসলাম (১৬০২০) বর্তমানে উপজেলা নির্বাহী অফিসার (সিনিয়র সহকারী সচিব), সখিপুর, টাঙ্গাইল ও প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), মিরপুর রাজস্ব সার্কেল, ঢাকা-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এবং ৩(ডি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতি (Corruption)" এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**আদেশ**

তারিখ, ২৭ মাঘ ১৪২২/০৯ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.১৮১.০২৭.০৩.০০.০০২.২০১০.৯৫**—এ. টি. ১৫১/ ২০০৬, এ.এ.টি ০১/২০০৮ এবং সিভিল আপিল নং- ৯৯/২০১৩ মামলায় প্রদত্ত বিজ্ঞ আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের গত ১০.০৭.১৯৯৫ তারিখের সম/শৃ ২ (বিমা)-২৩/৯৫-২৩৩ নং প্রজ্ঞাপনমূলে জনাব এস এম রইজ উদ্দিন আহম্মদ (পরিচিতি নং- ৩৩৭৬), উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব), খুলনা বিভাগ, খুলনা ও প্রাক্তন থানা ম্যাজিস্ট্রেট, রামপাল, বাগেরহাট-কে প্রদত্ত "তিরস্কার" সূচক লঘুদণ্ড এতদ্বারা বাতিল করা হল।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**পরিবহন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ মাঘ ১৪২২/১৯ জানুয়ারি ২০১৬

**নং ০৫.০০.০০০০.১২১.০১৮.০২.১৩-৩০**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-১১-২০১৩ তারিখের ০৫.১৫১.০১৫.০০.০০.০০৭. ২০০৮-২৯০ এবং অর্থ বিভাগের ২৯-১২-২০১৫ তারিখের ০৭.০০.০৫.১৫১.২৬.০১০.১৫-৫৮৬ নং স্মারকের অনুসরণে সরকারি যানবাহন অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে বিদ্যমান বিভিন্ন সরঞ্জামাদির অতিরিক্ত হিসেবে ২০টি সিসি ক্যামেরা নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্ত করা হলো ঃ

(১) সিসি ক্যামেরা টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করে আপটুডেটেড টিওএন্ডই'র কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(২) এ বিষয়ে আবশ্যিক সকল আনুষ্ঠানিকতা পালনসহ আর্থিক নিয়মাচার নিশ্চিত করতে হবে;

(৩) ক্রয়ের ক্ষেত্রে Public Procurement Act, ২০০৬ এবং Public Procurement Rule's ২০০৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) বরাদ্দকৃত বাজেট হতে ব্যয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না; এবং

(৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আরোপিত সকল শর্তাদি যতাযথভাবে প্রতিপালন করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মালেকা খায়রুন্নেছা**
উপ-সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশ**

তারিখ, ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৪৩/২০১৫-৮৭**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে যশোর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট শ্রী দেবাশীষ রায়, পিতা- স্বর্গীয় নিতাই চন্দ্র রায়-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের জন্য নিয়োগ করিলঃ

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)

---

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ৩১ জানুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৫২/২০১১-৪১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব মুহাম্মদ আবদুল হামিদ, পিতা-মুহাম্মদ হুসাইনুজ্জামান, গ্রাম-নড়ালিয়া, ডাকঘর-বাড়বকুন্ড, উপজেলা-সীতাকুন্ড, জেলা-চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার ৫ নং বাড়বকুন্ড ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির বয়স উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**ওয়াসিম শেখ**
সিনিয়র সহকারী সচিব।

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ২৪.০০.০০০০.২০২.০৬.০১১.১৪-৬০**—পিও-২৭/১৯৭২ মূলে জাতীয়করণকৃত এবং পরবর্তীতে বেসরকারি মালিকানায় হস্তান্তরিত এ মন্ত্রণালয়ের জুট মিল এবং টেক্সটাইল মিলসমূহের মধ্যে শর্ত লংঘিত মিল সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনার বিষয়ে নিম্নোক্তভাবে একটি 'টাস্কফোর্স' গঠন করা হলোঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (পবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অর্থ বিভাগের প্রতিনিধি

(৩) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৪) শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৫) আইন ও বিচার বিভাগের প্রতিনিধি

(৬) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৭) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি

(৮) বাংলাদেশ জুট মিলস করপোরেশনের প্রতিনিধি

(৯) বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের প্রতিনিধি

**সদস্য সচিব**

(১০) যুগ্ম-সচিব (বেওবি), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**কার্যপরিধিঃ**

(ক) মিলসমূহের শর্ত লংঘনের বিষয়সমূহ পর্যালোচনা;

(খ) ইতোমধ্যে মিলগুলোর বিষয়ে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনার লক্ষ্যে case to case ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ;

(গ) প্রয়োজনে মিলসমূহ সরেজমিন পরিদর্শন এবং সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে এনে চালু করার বিষয়ে সুপারিশমালা তৈরী করা;

(ঘ) উপরি উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে মাসিক অগ্রগতির প্রতিবেদন সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিকট দাখিল করা; এবং

(ঙ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসেন**
সহকারী সচিব (বেওবি)।

**পরিকল্পনা মন্ত্রণালয়**

**পরিকল্পনা বিভাগ**

**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২২/১৬ ফেব্রুয়ারি ২০১৬

**নং ২০.০০.০০০০.৩০৩.৩২.২১২.১২-১৩৫**—যেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ ডাকুয়া, গবেষণা কর্মকর্তা এর বিরুদ্ধে পাওনা টাঃ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার ৩টি চেক পরিশোধ না করায় জনাব মোঃ রমিজ উদ্দিন কর্তৃক যুগ্ম-মহানগর দায়রা জজ, ৩য় আদালত, ঢাকায় The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় দায়েরকৃত দায়রা মামলা নং-১০৪৪৮/১১ এ দোষী সাব্যস্ত করে ১১-০২-২০১৫ তারিখ ০৩(তিন) মাসের বিনাশ্রম কারাদণ্ড তৎসহ ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অর্থ দণ্ড প্রদানের আদেশ প্রদান করেন।

২। যেহেতু, যুগ্ম-মহানগর দায়রা জজ, ৩য় আদালত ঢাকায় The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় দায়েরকৃত দায়রা মামলা নং-১০৪৪৮/১১ এর আদেশের সার্টিফাইড কপি আদালত হতে পাওয়া গিয়েছে।

৩। সেহেতু, The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর বিধি-৩ মোতাবেক ১১-০২-২০১৫ তারিখ (মামলার আদেশের তারিখ) হতে পরিকল্পনা বিভাগের গবেষণা কর্মকর্তা জনাব মোঃ আব্দুল লতিফ ডাকুয়া-কে চাকরি হতে রবখাস্ত (Dismissal from service) করা হলো।

৪। এ আদেশ ১১-০২-২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তারিক-উল-ইসলাম**
সচিব।

---

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত হবে]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২২/১৬ ফেব্রুয়ারি ২০১৬

**নং ২০.০০.০০০০.৩০৩.৩২.২১২.১২-১৩৫**—যেহেতু, জনাব মোঃ আব্দুল লতিফ ডাকুয়া, গবেষণা কর্মকর্তা এর বিরুদ্ধে পাওনা টাঃ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকার ৩টি চেক পরিশোধ না করায় জনাব মোঃ রমিজ উদ্দিন কর্তৃক যুগ্ম-মহানগর দায়রা জজ, ৩য় আদালত, ঢাকায় The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় দায়েরকৃত দায়রা মামলা নং-১০৪৪৮/১১ এ দোষী সাব্যস্ত করে ১১-০২-২০১৫ তারিখ ০৩(তিন) মাসের বিনাশ্রম কারাদণ্ড তৎসহ ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অর্থ দণ্ড প্রদানের আদেশ প্রদান করেন।

২। যেহেতু, যুগ্ম-মহানগর দায়রা জজ, ৩য় আদালত ঢাকায় The Negotiable Instrument Act, 1881 এর ১৩৮ ধারায় দায়েরকৃত দায়রা মামলা নং-১০৪৪৮/১১ এর আদেশের সার্টিফাইড কপি আদালত হতে পাওয়া গিয়েছে।

৩। সেহেতু, The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 এর বিধি-৩ মোতাবেক ১১-০২-২০১৫ তারিখ (মামলার আদেশের

তারিখ) হতে পরিকল্পনা বিভাগের গবেষণা কর্মকর্তা জনাব মোঃ আব্দুল লতিফ ডাকুয়া-কে চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

৪। এ আদেশ ১১-০২-২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তারিক-উল-ইসলাম**
সচিব।

---

## পানি সম্পদ মন্ত্রণালয়

### উন্নয়ন-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ মাঘ, ১৪২২/২৫ জানুয়ারি, ২০১৬

**নং ৪২.০৩৫.০২৪.০৫.০১.০০১.২০১৪-২১**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর ঋণ সহায়তায় বাস্তবায়নাধীন Irrigation Management Improvement Project (IMIP)-শীর্ষক প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে নিম্নরূপে Implementation Coordination Committee (ICC) গঠন করা হলো:—

**Convener**

1. Chief Engineer, Eastern Zone, BWDB, Commilla

**Members**

2. Deputy Secretary (Development-2 Branch), Ministry of Water Resources
3. Chief Water Management, BWDB, Dhaka
4. Additional Director (Accounts), BWDB, Dhaka
5. Superintending Engineer, Feni O & M Circle, BWDB, Feni
6. Executive Engineer, Feni O & M Division, BWDB, Feni
7. Deputy Director, Agriculture, DAE, Feni
8. Deputy Chief Extension Officer, BWDB, Feni
9. Representative of Deputy Commissioner, Feni
10. Representative of Police Super, Feni
11. Representative of Irrigation Wing, Planning Commission, Dhaka
12. Representative of IMED Dhaka
13. Representative of Rural Electrification Board (REB)/ Palli Bidyat Samity (PBS), Feni
14. President, Water Management Federation, MIP, Feni
15. Secretary, Water Management Federation, MIP, Feni
16. Women representative of Water Management Association (WMA), MIP, Feni
17. Team Leader, IMO, IMIP

**Member Sectetary**

18. Project Director, IMIP, BWDB, Dhaka.

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপ-সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়

### অধিশাখা-৭ (কলেজ-২)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৯ মাঘ ১৪২২/০১ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪৮.১২-৫১**—যেহেতু, বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব নাসিম মাহমুদ (৮১১২), সহযোগী অধ্যাপক (হিসাব বিজ্ঞান), সহকারি অধ্যাপকের বিপরীতে কর্মরত, সরকারি গভঃ কমার্শিয়াল ইনষ্টিটিউট, ঢাকা (বরগুনা সারকারি কলেজ, বরগুনায় বদলির আদেশাধীন) এর বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে "সেন্টার ফর ইষ্ট এশিয়া ফাউন্ডেশন" নামে নিবন্ধিত একটি ফাউন্ডেশনের চেয়ারম্যান হিসেবে কার্যক্রম অব্যাহত রাখার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন। পরবর্তীতে বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তার বিরুদ্ধে "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণ হয়েছে;

যেহেতু, অতঃপর তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে তিনি নোটিশের জবাবে জানান যে, সেন্টার ফর ইষ্ট এশিয়া একটি অলাভজনক ও অরাজনৈতিক প্রতিষ্ঠান। এটা একটি সামাজিক কর্মকাণ্ড। হয়ত তার জ্ঞানের ঘাটতি এবং তদন্ত কর্মকর্তাকে বুঝাতে ব্যর্থ হওয়ার কারণে তিনি প্রতিষ্ঠানকে সামাজিক প্রতিষ্ঠান নয় মর্মে তার রায় প্রদান করেছেন। তিনি কখনো উক্ত প্রতিষ্ঠান থেকে কোন প্রকার বেতন-ভাতাদি গ্রহণ করেননি। ইহা ছিল সম্পূর্ণরূপে শিক্ষামূলক ও গবেষণাধর্মী প্রতিষ্ঠান। গত ১৩-০৫-২০১৩ তারিখে তিনি এ দায়িত্বভার হস্তান্তর করেছেন। এ ক্ষেত্রে তার ব্যাক্তিগতভাবে লাভবান হওয়ার প্রমাণ না থাকায় তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব নাসিম মাহমুদ (৮১১২), সহযোগী অধ্যাপক (হিসাব বিজ্ঞান) এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি অনুযায়ী "তিরস্কার" দণ্ড প্রদান করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

তারিখ, ২৬ মাঘ ১৪২২/০৮ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪৬.১৩-৮৮**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মুকেশ রায় (১৪২৭১), প্রভাষক (দর্শন), নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী গত ০৭-০৪-২০১৩ তারিখ হতে ০৮-০৫-২০১৩ তারিখ পর্যন্ত (এক) মাসের অর্ধগড় বেতনে ছুটি নিয়ে কানাডা গমন করেন এবং দেশে প্রত্যাবর্তন না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তার পূর্বের কর্মস্থল সরকারি স্বরুপকাঠি কলেজ, পিরোজপুরের ঠিকানায় জেলা প্রশাসক, পিরোজপুরকে নোটিশটি জারি করে রিটার্ন দাখিল করার জন্য অনুরোধ করা হলে জেলা প্রশাসক, পিরোজপুর জানান যে, জনাব মুকেশ রায় উক্ত ঠিকানায় উপস্থিত নেই। অতঃপর তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানা ও বর্তমান কর্মস্থলের ঠিকানায় প্রেরণ করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশেরও কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব মুকেশ রায় এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতি সম্মতি জ্ঞাপন করেন;

সেহেতু, জনাব মুকেশ রায় (১৪২৭১), প্রভাষক (দর্শন), নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক "চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হলো।

তারিখ, ০২ ফাল্গুন ১৪২২/১৪ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৪.১৫-১০০**—যেহেতু, জনাব জহিরুল ইসলাম, প্রভাষক (হিসাববিজ্ঞান), খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ, খাগড়াছড়ি এর বিরুদ্ধে দন্ডবিধির ১৬৬/১৬৭/৪৭৭ (ক)/২১৭/১০৯/২০১ ধারা এবং ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় কোতয়ালী (চট্টগ্রাম) থানার চার্জশীট নং-৫৩৩, গত ১৪-১০-২০১৪ তারিখে বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে। উক্ত চার্জশীটের বিষয়ে মাউশি অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামত অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাকে চার্জশীট দাখিলের তারিখ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, তিনি সংক্ষুব্ধ হয়ে হাইকোর্টে রিট পিটিশন করলে মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-৬১১৯/২০১৫ এর ভিত্তিতে গত ০৯-০৬-২০১৫ তারিখে সাময়িক বরখাস্তের আদেশটি ৬ মাসের জন্য স্থগিত করে দেন এবং বিজ্ঞ আদালতে দায়েরকৃত মামলার বিরুদ্ধে আপীল বিভাগে ক্রিমিনাল পিটিশন ফর লীভ টু আপীল নং-৪৭৩/২০১৫ মামলার চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত (পরবর্তীতে শুনানিঅন্তে এ বিষয়ে মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক) তাঁর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে চাকুরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, বিজ্ঞ আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে জনাব জহিরুল ইসলাম, প্রভাষক (হিসাববিজ্ঞান), খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ, খাগড়াছড়ি এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক তাঁকে ভূতাপেক্ষভাবে চাকুরিতে পুনর্বহালসহ বরখাস্তকালীন সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ০৪ ফাল্গুন ১৪২২/ ১৬ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৯.১৩-১১১**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ রাশেদ আলী (১০৪২৯), সহযোগী অধ্যাপক (কৃষিবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সংযুক্ত মহীপুর হাজী মহসীন কলেজ, জয়পুরহাট) গত ২০-০২-২০১৩ তারিখে তাৎক্ষণিকভাবে আপনাকে কর্মস্থল হতে বদলীকৃত কর্মস্থলে অবমুক্ত করা হলেও মহীপুর হাজী মাহসীন কলেজ, জয়পুরহাট যোগদান না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান হতে বিরত থাকার কারণে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হওয়ায় তাকে "চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" করার জন্য সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হলে উক্ত কমিশন মতামত প্রদান করেন যে, জনাব রাশেদ আলী ০৯-০১-১৯৫৫ তারিখ অনুযায়ী তিনি পি.আর.এল. এ যাওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় শাস্তি প্রদান করা যাবে না। সে পরিপ্রেক্ষিতে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, সরকারি কর্মকমিশনের মতামত অনুযায়ী জনাব মোঃ রাশেদ আলী (১০৪২৯), সহযোগী অধ্যাপক (কৃষিবিজ্ঞান)-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**প্রশাসন-৪ অধিশাখা**

**আদেশাবলী**

তারিখ, ০২ ফাল্গুন ১৪২২/১৪ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০১৯.১১.০৯**—যেহেতু, জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী, উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে প্রাক্তন কর্মস্থলে কর্মরত থাকাকালীন [সরকারি শিশু পরিবার(বালক), সিরাজগঞ্জ] উপস্থিত নিবাসীর চাইতে বেশী সংখ্যক নিবাসী উপস্থিত দেখিয়ে মে/২০১০ হতে অক্টোবর/২০১০ পর্যন্ত সময়ে নিবাসীদের খাদ্য ও আনুষংগিক বাবদ ১,২৫,৯০৭/- টাকা অতিরিক্ত ব্যয়ের অভিযোগের প্রেক্ষিতে গত ৩০-১২-২০১১ তারিখে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-১১/১১, তারিখ-০১-১২-২০১১) রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানী প্রদান করেন। শুনানীঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্তের সিদ্ধান্ত হয় এবং জনাব মোঃ জুলফিকার হায়দার, পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদপ্তরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে তাঁর কার্যকালে অতিরিক্ত নিবাসী উপস্থিত দেখানো হয়নি মর্মে মতামত দেন; এবং

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানী, তদন্ত কর্মকর্তার মতামত এবং সার্বিক বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) ও (ডি) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু, মোঃ রেজাউল করিম চৌধুরী, উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ [প্রাক্তন উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), সিরাজগঞ্জ] এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানী, তদন্ত কর্মকর্তার 'তদন্ত প্রতিবেদন' পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫, এর বিধি-৩ (বি) ও (ডি) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০০৫.১০.১০**—যেহেতু, জনাব মোঃ আলাউদ্দীন, শহর সমাজসেবা অফিসার, সুনামগঞ্জ এর বিরুদ্ধে [বর্তমান সংযুক্তিতে উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার(বালক), সিরাজগঞ্জ] প্রাক্তন কর্মস্থলে কর্মকালীন সময়ে কর্মস্থলে উপস্থিত না থেকে উপপরিচালকের স্বাক্ষর নকল করে মিথ্যা স্মারক ব্যবহার করে প্রতিবেদন প্রদান করার অভিযোগের প্রেক্ষিতে গত ০৩-০৬-২০১৩ তারিখে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-২৮/১৩, তারিখ-০৩-০৬-২০১৩) রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানী প্রদান করেন। শুনানীঅন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্তের সিদ্ধান্ত হয় এবং জনাব মোঃ জিয়াউদ্দিন আহমেদ, উপপরিচালক (প্রতিষ্ঠান-১), সমাজসেবা অধিদপ্তরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে তাঁর কার্যকালে কর্মস্থলে উপস্থিত ছিলেন এবং প্রাক্তন উপ-পরিচালকের স্বাক্ষর নকল করেননি মর্মে মতামত দেন; এবং

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানী, তদন্ত কর্মকর্তার মতামত এবং সার্বিক বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫, এর বিধি-৩(বি) ও (সি) অনুযায়ী 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু,জনাব মোঃ আলাউদ্দিন, শহর সমাজসেবা অফিসার, সুনামগঞ্জ [বর্তমান সংযুক্তিতে উপ-তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), সিরাজগঞ্জ] এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, ব্যক্তিগত শুনানী, তদন্ত কর্মকর্তার 'তদন্ত প্রতিবেদন' পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫, এর বিধি-৩ (বি) ও (সি) অনুযায়ী 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**তারিক-উল-ইসলাম**
সচিব।

---

**প্রতিবন্ধী বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৫ মাঘ ১৪২২/০৭ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৩৫**—গত ০৬ এপ্রিল, ২০১৪ তারিখের ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৮৯ সংখ্যক প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় ও অনুবৃত্তিক্রমে উক্ত প্রজ্ঞাপনের ১৫ নং ক্রমিকে নিম্নবর্ণিত সদস্যগণকে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ১৯ ধারা অনুযায়ী গঠিত 'জাতীয় নির্বাহী কমিটি' এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো:

(১) প্রফেসর শাহীন আক্তার, প্রকল্প পরিচালক, ইনস্টিটিউট অব প্যাডিয়াট্রিক নিউরো ডিসঅর্ডার এন্ড অটিজম, বঙ্গবন্ধু শেখ মুজব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(২) ডাঃ শামীম ফেরদৌস, নির্বাহী পরিচালক, বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন, ৬ বড়বাগ, সেকশন-২, মিরপুর, ঢাকা।

(৩) ডাঃ শামীম মতিন চৌধুরী, চেয়ারপারসন, বিউটিফুল মাইন্ড, প্লট নং-১১৪৫, রোড-৬/১, সেক্টর-৫, উত্তরা, ঢাকা।

(৪) জনাব আশফাক-উল-কবির, সভাপতি, তরী ফাউন্ডেশন, ৬/৯, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৩৬**—গত ০৬ এপ্রিল, ২০১৪ তারিখের ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-৯১ সংখ্যক প্রজ্ঞাপনের ধারাবাহিকতায় ও অনুবৃত্তিক্রমে উক্ত প্রজ্ঞাপনের ২০ নং ক্রমিকে নিম্নবর্ণিত সদস্যগণকে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এর ১৭ ধারা অনুযায়ী গঠিত 'জাতীয় সমন্বয় কমিটি' এর সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হলো:

(১) জনাব ফরিদা ইয়াসমিন, নির্বাহী পরিচালক, ডিজ্যাবল্ড রিহেবিলিটেশন এন্ড রিসার্স এসোসিয়েশন (ডিআরআরএ), বাসা-২/৫, রোড-১, শ্যামলী, ঢাকা।

(২) ড. শারমীন হক, অধ্যাপক, বিশেষ শিক্ষা বিভাগ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৩) ডাঃ রওনক হাফিজ, চেয়ারম্যান, অটিজম ওয়েলফেয়ার ফাউন্ডেশন , বাড়ী নং-৩৮/৪০, পিসি কালচার হাউজিং সোসাইটি, রোড-৪, রিং রোড, মোহাম্মদপুর, ঢাকা।

(৪) ড. ফাহমিদা ইসলাম চৌধুরী, সহ-সভাপতি, ফাউন্ডেশন ফর অটিজম রিসার্স এন্ড এডুকেশন (এফএআর ই), বাড়ী-৯/১৩, রোড-২, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।

(৫) জনাব মোঃ সাইদুল হক, নির্বাহী পরিচালক, ব্লাইন্ড এডুকেশন এন্ড রিহেবিলিটেশন অর্গানাইজেশন (বার্ডো), ৩/১, রোড-১১, রূপনগর আবাসিক এলাকা, মিরপুর, ঢাকা।

(৬) ডা. মাজহারুল মান্নান, মহাসচিব, সূচনা ফাউন্ডেশন, বঙ্গবন্ধু মিউজিয়াম কমপ্লেক্স, ৩২ ধানমন্ডি, ঢাকা।

(৭) জনাব জওয়াহেরুল ইসলাম মামুন, নির্বাহী প্রধান, ট্রাস্ট ফর দ্যা ওয়েলফেয়ার অব দ্যা ইনটেলেকচুয়ালী ডিসএ্যাবল্ড, বাংলাদেশ (সুইড বাংলাদেশ), ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গাজীউদ্দিন মোহাম্মদ মুনীর**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১১ মাঘ ১৪২২/২৪ জানুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৫০**—ডিএমপি, উত্তরা পূর্ব থানার মামলা নং ০৪, তারিখ ০৫-০২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(ই)(ঈ)(উ)/১২ ধারায় মামলার আসামী এস এম জাহাঙ্গীর (৪২), পিতা-শামছুদ্দোহা, সাং-পশ্চিম আবদুল্লাহপুর, থানা-উত্তরা পশ্চিম, ঢাকাসহ অন্যান্য আসামী "অন্তর্ঘাতমূলক কর্মকাণ্ডসহ বে-আইনী জনতাবদ্ধ হয়ে হত্যার উদ্দেশ্যে দাহ্য পদার্থ দ্বারা গাড়ী পোড়ানোসহ হেলপারের শরীর ঝলসানো, চুরি ও ক্ষয়ক্ষতি করার সহায়তার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৫১**—ডিএমপি, উত্তরা পূর্ব থানার মামলা নং ১৬, তারিখ ২৮-০২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(ই)(ঈ)(উ)/১২ ধারায় মামলার আসামী মোঃ রুবেল(২২), পিতা-নাছির উদ্দিন, সাং-পশ্চিম চড়রোহিতা, সদর লক্ষ্মীপুরসহ অন্যান্য আসামী "অন্তর্ঘাতমূলক কাজের মাধ্যমে সরকারকে অস্থিতিশীল করার লক্ষ্যে গাড়ীতে প্রেট্রোল ঢেলে আগুন দেয়ার নিমিত্ত পেট্রোল ও ম্যাচ সংগ্রহ করা, পরিকল্পনা ও সহায়তার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৫২**—ডিএমপি, উত্তরা পূর্ব থানার মামলা নং ০৭, তারিখ ০৯-০৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (ই)(ঈ)(উ)/১২ ধারায় মামলার আসামী এস এম জাহাঙ্গীর (৪২), পিতা-শামছুদ্দোহা, সাং-পশ্চিম আবদুল্লাহপুর, থানা-উত্তরা পশ্চিম, ঢাকাসহ অন্যান্য আসামী দাহ্য পদার্থ দ্বারা বাসে আগুন দিয়ে ২০ দলীয় জোট কর্তৃক ডাকা হরতাল ও অবরোধ সফল করার লক্ষ্যে রাষ্ট্রিয় সম্পদ ক্ষতি, জন নিরাপত্তা বিপন্ন এবং জনসাধারণের মনে ভীতি ও আতংক সৃষ্টি করার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৫৩**—ডিএমপি, উত্তরা পূর্ব থানার মামলা নং ০৪, তারিখ ০৩-০৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(ই)(ঈ)(উ)/১২ ধারায় মামলার আসামী এস এম জাহাঙ্গীর (৪২), পিতা-শামছুদ্দোহা, সাং-পশ্চিম আবদুল্লাহপুর, থানা-উত্তরা পশ্চিম, ঢাকাসহ অন্যান্য আসামী দাহ্য পদার্থ ব্যবহার করে বাসের ভিতরে আগুন দিয়ে নিরীহ যাত্রী সাধারণ ও বাসের চালক ও কন্ডাক্টরকে হত্যার চেষ্টা এবং বাসটির ক্ষতিসাধন ও সহায়তা করার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৩-৫৪**—ডিএমপি, উত্তরা পূর্ব থানার মামলা নং ০৯, তারিখ ১১-০৩-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) এর (অ)(আ)(ই)(ঈ)(উ)/১২ ধারায় মামলার আসামী মোঃ ফাইজ উদ্দিন (২২), পিতা-মোঃ আব্দুল বাছেদ, সাং-মল্লিকপুর, থানা-রায়পুরা, নরসিংদীসহ অন্যান্য আসামী দাহ্য পদার্থ দ্বারা বাসে আগুন দিয়ে ২০ দলীয় জোট কর্তৃক ডাকা হরতাল ও অবরোধ সফল করার লক্ষ্যে রাষ্ট্রিয় সম্পদ ক্ষতি, জন নিরাপত্তা বিপন্ন এবং জনসাধারণের মনে ভীতি ও আতংক সৃষ্টি করার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খায়রুল আলম সেখ**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৮ মাঘ ১৪২২/২১ জানুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-৪৩**—ডিএমপি, আদাবর থানার মামলা নং ০৩, তারিখ ০৬-০২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৮/৯/১৩ ধারায় মামলার আসামী আকলাকুর রশিদ ওরফে তাজিম (২৫), পিতা-হারুন-অর-রশিদ, সাং-ফুলবাড়ী, থানা-গোলাপগঞ্জ, সিলেট গং পরস্পর যোগসাজসে নিষিদ্ধ জঙ্গী সংগঠন হিযবুত তাহরীর এর লিফলেট বিতরণ ও হেফাজতে রাখার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ১৮ মাঘ ১৪২২/৩১ জানুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-৬৭**—ডিএমপি, খিলক্ষেত থানার মামলা নং ১১, তারিখ ১১-১২-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ৮/৯/১২/১৩ ধারায় মামলার আসামী আব্দুল্লাহ মঈন শিপন ওরফে এম এ নাঈম (২৬), পিতা-মৃত হযরত আলী, সাং-ক-১৫৯ খিলক্ষেত মধ্যপাড়া, খিলক্ষেত, ঢাকাসহ অন্যান্য আসামী সরকার বিরোধী আন্দোলনে জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এবং নিষিদ্ধ জঙ্গী সংগঠন হিযবুত তাহরীর ৫০টি লিফলেট হেফাজতে রাখার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-৬৮**—ডিএমপি, শাহবাগ থানার মামলা নং ৩৭, তারিখ ২৭-১২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৮/৯/১২/১৩ ধারায় মামলার আসামী হাফিজুর রহমান (২৭), পিতা-মৃত হারুন-অর-রশিদ, সাং-শীট চিলারং, থানা ও জেলাঃ ঠাকুরগাঁওসহ অন্যান্য আসামীগণ নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরীর সমর্থনে মিছিল বাহির করে ককটেল বোমা বিস্ফোরণ ঘটিয়ে জনমনে আতংক ও ত্রাস সৃষ্টি করতঃ সরকারের ভাবমূর্তি ক্ষুণ্নসহ সন্ত্রাসী কর্মকান্ড করার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-৬৯**—ডিএমপি, খিলগাঁও থানার মামলা নং ২৩, তারিখ ১১-০৯-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৮/৯/১৩ ধারায় মামলার আসামী মোঃ আজমীর হোসেন (রাজু) (২৫), পিতা-মোঃ আমির হোসেন, মাতা-মোসাঃ ময়না খাতুন, গ্রাম-মুন্সিপুর, দামুরহুদা, চুয়াডাঙ্গা, এ/পি-রামপুরা বনশ্রী, ব্লক-ই, রোড-০২, রামপুরা, ঢাকাসহ অন্যান্য আসামী নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীর সদস্য হয়ে লিফলেট বিতরণ, সংগঠনকে সহায়তা করার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)}এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১৯ মাঘ ১৪২২/০১ ফেব্রুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০১.১৫-৭১**—শেরপুর জেলার সদর থানার মামলা নং ১১, তারিখ ০৬-১২-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ১০/১৩ ধারায় মামলার আসামীগণ ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাসী কর্মকান্ডের মাধ্যমে দেশের আইন-শৃংখলা পরিস্থিতি অবনতি ও সন্ত্রাসী কর্মকান্ডে প্ররোচিত করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১৪ মাঘ ১৪২২/২৭ জানুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৫-৭২**—সিএমপি, চট্টগ্রাম, চকবাজার থানার মামলা নং ০৮, তারিখ ১০-০৮-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩) এর ৮/৯/১০/১১/১২/১৩ ধারায় মামলার আসামীগণ নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীর সদস্য হয়ে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত সত্তাকে গ্রহণপূর্বক ষড়যন্ত্রকরতঃ অপরাধ সংগঠনের প্রচেষ্টা এবং সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনার জন্য প্ররোচিত ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১৫ মাঘ ১৪২২/২৮ জানুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৪-৭৩**—সিএমপি, চট্টগ্রাম বন্দর থানার মামলা নং ১৪, তারিখ ২৬-০২-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী,২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)/১০ ধারায় মামলার আসামীগণ বাংলাদেশ ইসলামী ছাত্র-শিবির ও জামায়েতের বিভিন্ন অঙ্গ সংগঠনের সক্রিয় সদস্য হয়ে চলমান আন্দোলনে দেশকে অস্থিতিশীল ও সরকারকে উৎখাতের লক্ষ্যে বিভিন্ন নাশকতা সংঘটনের উদ্দেশ্যে ষড়যন্ত্র করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ১৮ মাঘ১৪২২/৩১ জানুয়ারি ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৩-৭৫**—নরসিংদী জেলার বেলাব থানার সাধারণ ডায়েরী নং- ৮২৭, তারিখ ২০-১০-২০১৫ খ্রিঃ মূলে গত ১৮-১০-২০১৫ খ্রিঃ তারিখ বিকাল অনুমান ৫.০০ ঘটিকার সময় পাটুলী সোনুর মোড় চৌরাস্তার হোসেন আলীর চায়ের দোকানে বসে চা পান করাকালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমান সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডের বর্ণনা দিয়ে বক্তব্য টেলিভিশনে প্রচার করা হচ্ছিল। ৪০ নং পাটুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক হিসাবে কর্মরত মোঃ মনিরুজ্জামান ভূঁইয়া (৩৮), পিতা-মৃত নুরুল ইসলাম, সাং-বীরবাঘবের, থানা-বেলাব, জেলা-নরসিংদী উক্ত চায়ের দোকানে প্রবেশ করে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বক্তব্য সংক্রান্তে জনগণের মধ্যে ঘৃণা, অবজ্ঞা ও বিদ্বেষ সৃষ্টি করার লক্ষ্যে ছি ছি মিথ্যাবাদী সরকার প্রধান, বেঈমান এবং বিভিন্ন অশ্লিল ভাষায় কথাবার্তা বলেন। আসামী সরকারের প্রতি ঘৃণা, অবজ্ঞা সৃষ্টি, সরকারকে বেঈমান বলে প্রচার করাসহ, রাষ্ট্রদ্রোহিতামূলক কর্মকান্ডে লিপ্ত থাকার অভিযোগে দন্ডবিধি, ১৮৬০ এর ১২৪-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৬৬.১৫/১১৫**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ বিভাগের গত ১২-১১-২০১৩খ্রিঃ তারিখের নং-৪৬.০৬৪.০২৮.১৩.১৮.২৩৮.২০১১/১২৪৯নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে সরকার চট্টগ্রাম জেলার নাজিরহাট পৌরসভার কার্য সম্পাদনে নিযুক্ত প্রশাসককে সহায়তাদানের জন্য জনাব মোঃ হুসাইন, পিতা-মৃত মোঃ ইলিয়াস, পূর্ব ফরহাদাবাদ, নাজিরহাট, চট্টগ্রাম-কে ইতোপূর্বে গঠিত নাজিরহাট পৌর সহায়তা কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করল।

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্য হিসাবে নাজিরহাট পৌরসভার সার্বিক কর্মকান্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন। উল্লেখ্য যে, অত্র বিভাগের ৪-০২-২০০২খ্রিঃ তারিখের পৌর-৩/সম্মানী-ভাতা ২/৯৭/১৩৮নং পরিপত্র অনুযায়ী গঠিত কমিটির ক্রমিক নং ১ হতে ১২ পর্যন্ত সদস্যগণ সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ,কে,এম আনিছুজ্জামান**
সহকারী সচিব।

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**ই-গভর্নেন্স শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ বৈশাখ ১৪২৩/০৮ মে ২০১৬

**নং ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০৩.১৫.১৫৫**—একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম প্রয়োগ প্রয়োজন। তথ্য-প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের পাশাপাশি স্বচ্ছতা এবং জবাবদিহি নিশ্চিত করাও সম্ভব হবে। তথ্য-প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং স্বল্প সময়ে সেবা প্রদানের লক্ষ্যে বর্তমানে নথি-পত্রাদি ব্যবস্থাপনায় বিভিন্ন দেশে ইলেকট্রনিক পদ্ধতি ব্যবহৃত হচ্ছে।

২। উপর্যুক্ত প্রেক্ষাপটে, মন্ত্রণালয়/বিভাগ হতে উপজেলা পর্যন্ত সকল সরকারি দপ্তরে নথি ব্যবস্থাপনায় পর্যায়ক্রমে একটি কার্যকর পদ্ধতি প্রচলনের লক্ষ্যে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম ই-ফাইল (নথি) সফটওয়্যার প্রস্তুত করে, যার মাধ্যমে ২০১৮ সালের মধ্যে প্রায় ১৯,০০০ সরকারি অফিসে নথি-পত্রাদির ইলেকট্রনিক ব্যবস্থাপনা চালু করা হবে। ২০১৬ সালের মার্চ মাস থেকে শুরু করে পর্যায়ক্রমে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং জেলা ও উপজেলার অফিসসমূহে ই-ফাইল (নথি) বাস্তবায়ন করা হবে।

৩। ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প ২০২১ বাস্তবায়নে দাপ্তরিক নথি ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণে ই-ফাইল একটি কার্যকর টুল (tool) হিসেবে বিবেচিত হতে পারে। সচিবালয় নির্দেশমালা, ২০১৪-এর ১৫(১)(ক), ১৫(১)(গ) এবং ১৫(৬) নির্দেশনাসমূহেও ই-ফাইল বাস্তবায়নের ওপর সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে। অধিকন্তু মন্ত্রণালয়/বিভাগ ও দপ্তর/সংস্থাসমূহের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন সংক্রান্ত কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ই-ফাইল (নথি) সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে।

৪। এ প্রসঙ্গে উল্লেখ্য যে ই-ফাইল (নথি) সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রয়োজনীয় হার্ডওয়্যার সংগ্রহ, প্রয়োজনীয় ব্যান্ডউইথসহ ইন্টারনেট সংযোগ প্রদান এবং কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধিরও প্রয়োজন হবে। বর্ণিতাবস্থায়, ই-ফাইল (নথি) বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগসমূহ আওতাধীন দপ্তরসমূহকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।

৫। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শাহগীর আলম**
সিনিয়র সহকারী সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**মৎস্য-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ০৮ মে ২০১৬

**নং ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩-২২৩**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মরহুম মোঃ এমরুল হোসাইন, সি-৬১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী উপজেলা মৎস্য কর্মকর্তা, হোসেনপুর, কিশোরগঞ্জ চাকরিতে কর্মরত অবস্থায় বিগত ১৪-০২-২০১৬ তারিখ রোজ রবিবার আনুমানিক বেলা ১:০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর নিকটবর্তী রেললাইনের পার্শ্বে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৩১ বৎসর ০৫ মাস ১১ দিন।

২। মরহুম মোঃ এমরুল হোসাইন জামালপুর জেলার সরিষাবাড়ী উপজেলাধীন গ্রাম- ডোয়াইল, ডাকঘর- ডোয়াইল কেন্দুয়া এর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ০৪-০৯-১৯৮৪ তারিখে জন্মগ্রহণ করেন। তিনি বিগত ০৭-০৮-২০১৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য অধিদপ্তরে কর্মজীবন শুরু করেন। মৃত্যুকালে তিনি আত্মীয়-স্বজন এবং বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ এবং নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ এমরুল হোসাইন এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপনসমূহ**

ঢাকা, ০৭ বৈশাখ, ১৪২৩/২০ এপ্রিল, ২০১৬

**নং পিপিপি/বোর্ড অব গভর্নরস-২৯৮/২০১৫-৩৭৯**—পিপিপি কর্তৃপক্ষের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রজ্ঞাপন নং ০৩.০৬৮.০২৮.০৮.০০.০০৪.২০১০-২৫৯, তারিখ ২৩ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারীকৃত পিপিপি অফিসের সাংগঠনিক কাঠামো সংশোধনপূর্বক নিম্নরূপ পিপিপি কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ অনুযায়ী পিপিপি কর্তৃপক্ষের বোর্ড অব গভর্নরস অনুমোদন করেছে :

**ক. জনবল (১৯টি পদ):**

| ক্রম | পদের নাম | বেতন গ্রেড/জাতীয় বেতন স্কেল, ২০১৫/সাকুল্য বেতন | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ১. | প্রধান নির্বাহী কর্মকর্তা | ১ম গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ৭.৫০ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ২. | মহাপরিচালক(এ্যাডমিন এন্ড ফিন্যান্স) | ৩য় গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ৩ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ৩. | মহাপরিচালক (প্রোগ্রামিং এন্ড ইনভেস্টমেন্ট প্রোমোশন) | ৩য় গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ৩ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ৪. | মহাপরিচালক(ইঞ্জিনিয়ারিং/ মাল্টি সেক্টোরাল এক্সপার্ট সাপোর্ট) | ৩য় গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ৩ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ৫. | মহাপরিচালক(লিগ্যাল) | ৩য় গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ৩ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |

| ক্রম | পদের নাম | বেতন গ্রেড/জাতীয় বেতন স্কেল, ২০১৫/সাকুল্য বেতন | পদ সংখ্যা |
|---|---|---|---|
| ৬. | পরিচালক(এ্যাডমিন) | ৫ম গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ২.২৫ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ৭. | পরিচালক (ফিন্যান্স) | ৫ম গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ২.২৫ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ৮. | পরিচালক(প্রজেক্ট ম্যানেজমেন্ট এন্ড ফাইন্যান্সিং) | ৫ম গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ২.২৫ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ৯. | পরিচালক(ইনভেস্টমেন্ট প্রোমোশন) | ৫ম গ্রেড/নিজ বেতনে (প্রেষণে নিয়োগের ক্ষেত্রে) অথবা সাকুল্য বেতন ২.২৫ লক্ষ টাকা (চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে) | ০১ (এক) টি |
| ১০. | অফিস সেক্রেটারী | সাকুল্য বেতন ৬০ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১১. | ফ্রন্ট ডেস্ক অফিসার | সাকুল্য বেতন ৫২ হাজার ৫ শত টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১২. | কম্পিউটার অপারেটর | সাকুল্য বেতন ৪৫ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | সাকুল্য বেতন ৪৫ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১৪. | ড্রাইভার | সাকুল্য বেতন ৩০ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০২ (দুই) টি |
| ১৫. | অফিস অ্যাটেনডেন্ট | সাকুল্য বেতন ১৮ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১৬. | ডেসপাস রাইডার | সাকুল্য বেতন ১৮ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১৭. | সিকিউরিটি গার্ড | সাকুল্য বেতন ১৮ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |
| ১৮. | ক্লিনার | সাকুল্য বেতন ১৮ হাজার টাকা (আউটসোর্সিং/চুক্তিভিত্তিক) | ০১ (এক) টি |

**খ. যানবাহন, যন্ত্রপাতি ও অফিস সরঞ্জামাদি ঃ**

| ক্রম | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| (ক) যানবাহন | | |
| ১. | জীপ | ০১টি |
| ২. | কার | ০৪টি |
| ৩. | মাইক্রোবাস | ০১টি |
| ৪. | মটর সাইকেল | ০১টি |
| (খ) অফিস সরঞ্জামাদি | | |
| ১. | কম্পিউটার (প্রিন্টার, ইউপিএস ইত্যাদিসহ) | ১৩টি |
| ২. | ল্যাপটপ | ৫টি |
| ৩. | স্ক্যানার | ৫টি |
| ৪. | ফটোকপিয়ার | ২টি |
| ৫. | ফ্যাক্স | ২টি |
| ৬. | এলইডি প্রজেক্টর | ০২টি |
| ৭. | ভিডিও কনফারেন্স ইউনিট | ০১টি |
| ৮. | পর্দাসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর | ০২টি |
| ৯. | অফিস টেলিফোন (ল্যান্ড লাইন) | টেলিফোন নীতিমালা অনুযায়ী |
| ১০. | পিএবিএক্স | |
| ১১. | মোবাইল ফোন | |
| ১২. | ইন্টারনেট সংযোগ (ব্রডব্যান্ড) | |

গ) পিপিপি সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ জ্ঞান, অভিজ্ঞতা এবং কর্মদক্ষতার ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগ এবং বিভিন্ন পদে উপযুক্ত কর্মকর্তা প্রেষণে নিয়োগ করা যাবে;

ঘ) বিশেষায়িত কর্ম প্রকৃতি বিবেচনায় পিপিপি কর্তৃপক্ষে কর্মরত সকল প্রকার কর্মকর্তা/কর্মচারীগণকে বিভিন্ন প্রকল্প হতে প্রাপ্য Success Fee হতে বিশেষ ভাতা (Incentive) হিসেবে এককালিন বার্ষিক মূল বেতনের ৫০% সমপরিমাণ পর্যন্ত প্রদান করা যাবে। পিপিপি কর্তৃপক্ষ কর্তৃক উপযুক্ত কর্মকর্তা নির্বাচন ও বিশেষ ভাতা (Incentive) প্রদান করা হবে;

২। জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

**নং পিপিপি/বোর্ড অব গভর্নরস-২৯৮/২০১৫-৩৮০**—পিপিপি কর্তৃপক্ষের নিম্নরূপ তহবিল পরিচালনা পদ্ধতি বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ অনুযায়ী পিপিপি কর্তৃপক্ষের বোর্ড অব গভর্নরস অনুমোদন করেছে :-

1. The Public Private Partnership Authority (PPP Authority) shall hold accounts in the following banks:
   (i) 2 (two) accounts in Sonali Bank Limited;
   (ii) 1 (one) account in Mercantile Bank Limited; and
   (iii) 1 (one) account in NCC Bank Limited.
2. All funds received by the PPP Authority as provided by Section 37 of the Bangladesh Public-Private Partnership Act, 2015 (PPP Act) shall be deposited in and administered through these accounts.
3. The funds deposited in one of the Sonali Bank accounts shall be used for all kinds of revenue expenditure and the funds deposited in the other Sonali Bank account, Mercantile Bank Limited and NCC Bank Limited account shall be used for services, works, goods and other related expenditure.
4. All transactions of the PPP Authority shall be carried out through these accounts.
5. The PPP Authority shall maintain a budget and the funds shall be administered in accordance with the budget.
6. The funds from the said accounts shall not be expended or any liabilities incurred without the prior approval of the Chief Executive Officer (CEO) of the PPP Authority.
7. The CEO shall exercise all powers delegated to him/her in carrying out his/her duties under the PPP Act.
8. The CEO shall be able to delegate any of his/her financial powers either partly or fully, in relation to operation of funds and/or other functions to any other officer of the PPP Authority.
9. The CEO shall not exercise his/her powers of sanctioning expenditure to pass an order which shall directly or indirectly be to his/her advantage.
10. The CEO shall be responsible for enforcing financial order and strict economy at every step and shall ensure that all expenditure is carried out in accordance with the budget. He shall further be responsible for observance of all financial rules and regulations.
11. The CEO shall be the controlling officer and shall ensure that the total expenditure is kept within the limit of sanctioned appropriation and that the funds are expended in the public interest and upon objects for which the money was provided. Further, he shall be in a position to assume before the Government of Bangladesh, if necessary, complete responsibility for departmental expenditure and to explain and justify any instance of excess or financial irregularity that may be brought to notice as a result of audit scrutiny or otherwise.

২। জনস্বার্থে জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

**নং পিপিপি/বোর্ড অব গভর্নরস-২৯৮/২০১৫-৩৮১**—পিপিপি কর্তৃপক্ষের নিম্নরূপ নির্বাহী বোর্ড গঠনে বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ অনুযায়ী পিপিপি কর্তৃপক্ষের বোর্ড অব গভর্নরস অনুমোদন করেছে ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | ---- | পদাধিকারবলে চেয়ারম্যান |
| (খ) | সচিব, অর্থ বিভাগ | ---- | সদস্য |
| (গ) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ---- | সদস্য |
| (ঘ) | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | ---- | সদস্য |
| (ঙ) | চেয়ারম্যান, এনবিআর | ---- | সদস্য |
| (চ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, পিপিপি কর্তৃপক্ষ | ---- | সদস্য-সচিব |

২। জনস্বার্থে জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

**সাইদ আফসর এইচ উদ্দিন**
প্রধান নির্বাহী কর্মকর্তা।

**শিক্ষা মন্ত্রণালয়**

**অধিশাখা-১০ (মাধ্যমিক-১)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৬ বৈশাখ ১৪২৩/০৯ মে ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৬.২০১৩-৩৬৭**—ঢাকা জেলার গুলশান থানাধীন কালাচাঁদপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়টি ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ/ ১৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলী হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ২৫ বৈশাখ ১৪২৩/০৮ মে ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৬.২০১৪-৩৬০**—কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন তমিজা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়টি ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ এবং ১৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক অন্যত্র বদলী হতে পারবে না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৭.২০১৪-৩৬১**—কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম উপজেলাধীন অষ্টগ্রাম পাইলট উচ্চ বিদ্যালয়টি ২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ এবং ১৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক অন্যত্র বদলী হতে পারবে না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সালমা জাহান**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০১ চৈত্র ১৪২২/১৫ মার্চ ২০১৬

**নং ৩১.০৩৬.০০.০০০০.০৩৬.০৪৯.০০২.১৫-৬০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্ত ভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| (১) | রাজাবাজার | ০৩ | তেজগাঁও | ঢাকা | ৬৪৪ ও ১০৫১=০২টি |
| (২) | কাফরুল | ০৬ | ক্যান্টনম্যান্ট | ঢাকা | ১৩০১ |
| (৩) | বাউনিয়া | ০১ | পল্লবী | ঢাকা | ১৭৬২/১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।